

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-১০

২৯ আষাঢ়, ১৪১৮

তারিখ :-----

জুলাই ১৩, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

২০১১-২০১২ অর্থ বছরে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিতকরণের লক্ষ্যে সরকার পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১১-২০১২ অর্থ বছরেও কতিপয় পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জুলাই ০১, ২০১১ তারিখ হতে জুন ৩০, ২০১২ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহ রপ্তানির বিপরীতে প্রতিটির পাশ্বে উল্লেখিত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হবে:

পণ্যের নাম	২০১১-১২ সালের জন্য প্রযোজ্য হার
১) রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুদ্ধ বড় ও ডিউটি ড্র-ব্যাংক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৫%
২) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫% হতে ২০%
৩) কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০%
৪) বাই-সাইকেল রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৫) হাঁড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৬) পোল্ট্রি শিল্পের হ্যাচিং ডিম এবং মুরগির বাচ্চা (Day Old Chicks) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	১৫%
৭) হালকা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	১০%
৮) ঈশ্বরদী ইপিজেড-এ কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ আকর্ষণকরণে লিকুইড গ্লুকোজ রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০%
৯) ১০০% হালাল মাংস রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	২০%
১০) হিমায়িত চিংড়ী ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%
১১) চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১২.৫০%
১২) জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৫%
১৩) নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্র খাত) (আমেরিকা/কানাডা/ইইউ ব্যতীত)	২%
১৪) ফিনিশড লেদার (Finished Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৪%
১৫) ক্রাস্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৩%
১৬) বস্ত্র খাতের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অতিরিক্ত সুবিধা (প্রচলিত নিয়মের)	৫%
১৭) আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	২০%
১৮) প্লাস্টিক পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	১০%
১৯) পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা সংক্রান্ত সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫